

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬৪১

(كتاب الزكاة عن رسول الله الله عن (كتاب الزكاة عن رسول الله الله عن رسول الله الله عن (كتاب الزكاة عن رسول الله عنه عنه الله عنه الله عنه الله عنه الله عنه الله عنه الله عنه عنه الله

পরিচ্ছেদঃ ১৫. ইয়াতিমের সম্পদের যাকাত

باب مَا جَاءَ فِي زَكَاةِ مَالِ الْيَتِيم

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِم، عَنِ الْمُثَنِّى بْنِ الصَّبَّاحِ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْب، عَنْ أَبِيه، عَنْ جَدِّه، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم خَطَبَ النَّاسَ فَقَالَ " أَلَا مَنْ وَلِيَ يَتِيمًا لَهُ مَالٌ فَلْيَتَّجِرْ فِيهِ وَلاَ يَتْرُكُهُ حَتَّى تَأْكُلُهُ الصَّدَقَةُ " . قَالَ أَبُو عِيسَى وَإِنَّمَا رُوِيَ هَذَا الْحَدِيثُ مِنْ هَذَا الْوَجْهِ وَفِي إِسْنَادِهِ مَقَالٌ الصَّدَقَةُ " . قَالَ أَبُو عِيسَى وَإِنَّمَا رُوِيَ هَذَا الْحَدِيثُ مِنْ هَذَا الْوَجْهِ وَفِي إِسْنَادِهِ مَقَالٌ الْمَنْ الْمُثَنَّى بْنَ الصَبَّاحِ يُضَعُفُ فِي الْحَدِيث . وَرَوَى بَعْضُهُمْ هَذَا الْحَدِيث عَنْ عَمْرِو بْنِ شُعَيْب أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّاب . فَذَكَرَ هَذَا الْحَدِيث . وَقَد اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي هَذَا الْبَاب فَيْ الْمُنَا الْمُعَلِّ وَعَائِشَةُ وَابْنُ عُمْرَ وَبِهِ يَقُولُ مَالِكٌ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وقَالَتْ عُمْرُ وَعِلِيُ وَعَائِشَةُ وَابْنُ عُمْرَ وَبِهِ يَقُولُ مَالِكٌ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وقَالَتْ عُمْرُ وَعَلِيُ وَعَائِشَةُ وَابْنُ عُمْرَ وَبِهِ يَقُولُ مَالِكٌ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وقَالَتُ الْمُبَارِك . وَعَمْرُو بْنُ شُعَيْب هُو ابْنُ مُصَوّد بْنِ عَبْدِ اللَّهِ بْنُ عَمْرو بْنِ الْعَاصِ وَشُعَيْب الْمُبْرِقِ بُنَ قِبُلِ أَنَّهُ يُحَدِّهُ مَنْ قِبَل أَنَّهُ يُحَدِّ عَمْرو بْنِ الْعَاصِ وَشُعَيْب قَدْ سَمِعَ مِنْ جَدِّهِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرُو وَأَمْ أَكْتُر أَهُل الْحَدِيث فَيَحْتَجُّونَ بِحَدِيث عَمْرُو بْنِ شُعَيْب عَمْرُو وَأَمْ وَامْدُ وَإِسْحَاقُ وَغَيْرُهُمُ الْمُ الْحَدِيث فَيَحْتَجُونَ بِحَدِيث عَمْرُو بْنِ شُعَيْب وَيُولُ وَيَعْضَلُهُ مَا لُهُمْ أَحْمَدُ وَإِسْحَاقُ وَغَيْرُهُمُ الْ الْحَدِيث فَيَحْتَجُونَ بِحَدِيث عَمْرُو بْنِ شُعَيْب وَيُعْتَلُونَ الْمُل الْعَلْمِ وَالْمَالُ الْمَدِيث فَيَحْتَجُونَ بِحَدِيث عَمْرُو بْنِ شُعَيْب وَيُولُو يَعْفُولُ مُنْ اللّهُ الْمُعَلِق عَلْمَدُ وَإِسْطَاقُ وَعَيْرُهُمْ اللله وَلَا الْعَلَالُ الْمَدِيث فَيْحُولُ الْمُولِ الْمُولِ الْمُولُ الْمُولُ الْمُولُ الْمُدُولُ الْمُولُ الْمُلْ الْمُول

বাংলা

৬৪১। আমর ইবনু শুআইব (রাহঃ) হতে পালাক্রমে তার পিতা ও দাদার সূত্রে বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম জনতার উদ্দেশ্যে বক্তৃতা দিলেন। তিনি বললেনঃ শুনো! যে লোক কোন সম্পদশালী ইয়াতীমের তত্ত্বাবধায়ক হয়েছে, সে যেন তা ব্যবসায়ে খাটায় এবং ফেলে না রাখে। তা না হলে যাকাতে সেগুলো



নিঃশেষ হয়ে যাবে।

যঈফ, ইরওয়া (৭৮৮)

আবৃ ঈসা বলেন, এই হাদীসটি শুধু উল্লেখিত সূত্রেই বর্ণিত হয়েছে। কিন্তু এর সনদ সম্পর্কে সমালোচনা আছে। কেননা মুসান্না ইবনুস সাববাহকে হাদীস শাস্ত্রে যঈফ বলে চিহ্নিত করা হয়েছে। কেহ কেহ হাদীসটি আমর ইবনু শুয়াইব হতে এই ভাবে বর্ণনা করেছেন যে, উমার ইবনুল খাত্তাব ভাষণ দিলেন পূর্বের হাদীসের অনুরূপ।

ইয়াতীমের মালে যাকাত নির্ধারিত হবে কি না এই প্রসঙ্গে বিশেষজ্ঞদের মধ্যে মতের অমিল আছে। কিছু সাহাবী, যেমন উমার, আলী, আইশা ও ইবনু উমার (রাঃ) ইয়াতীমের মালে যাকাত নির্ধারিত হবে বলে মত দিয়েছেন। ইমাম মালিক শাফিঈ আহমাদ ও ইসহাকের মত এটাই। অপর একদল বিদ্বান বলেছেন, ইয়াতীমের সম্পদে যাকাত নির্ধারিত হবে না। সুফিয়ান সাওরী ও আবদুল্লাহ ইবনুল মুবারাকের এই মত।

রাবী আমর ইবনু শুআইব-মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আসের ছেলে। তিনি তার দাদা আবদুল্লাহ ইবনু আমরের নিকট হাদীস শুনেছেন। কিন্তু ইয়াহইয়া ইবনু সাঈদ (রাহঃ) আমর ইবনু শুআইবের হাদীসের সমালোচনা করেছেন এবং বলেছেন, তার হাদীস আমাদের মতে যঈফ। যারাই তাকে যঈফ বলেছেন- তার কারণ উল্লেখ করেছেন, তিনি তার দাদা আবদুল্লাহ ইবনু আমরের খসড়া হতে হাদীস বর্ণনা করেন। অপরদিকে বেশীরভাগ হাদীস বিশারদ তার বর্ণিত হাদীস দলীল হিসাবে গ্রহণ করেছেন এবং একে প্রামাণ্য বলে গণ্য করেছেন। এদের মধ্যে আছেন ইমাম আহমাদ, ইসহাক ও অন্যান্যরা।

English

Amr bin Shu'aib narrated from his father, from his grandfather that : the Prophet addressed the people and said: "As for one who is the guardian of an orphan who has wealth, then let him do business with it and not leave it until it becomes consumed by charity."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন